



রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী
শাখা নিয়ন্ত্রণ বিভাগ

ফোন নং ০৭২১-৮৬২৪৫৫

ই-মেইল: dgmbcd@rakub.org.bd

ওয়েবসাইট: www.rakub.org.bd

শানিবি সার্কুলার নং-০৩/২০১৭

তারিখ : ১৩ এপ্রিল, ২০১৭

বিষয় : রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, শাখা পর্যায়ে আয়োজিত শুভ হালখাতা, মধুমেলা, ঋণমেলা, ঋণ আদায় মেলা/
আদায় ক্যাম্প/মহাক্যাম্পের ব্যয় নির্বাহ প্রসংগে।

শাখা পর্যায়ে আয়োজিত শুভ হালখাতা, মধুমেলা, ঋণমেলা, ঋণ আদায় মেলা/ আদায় ক্যাম্প/মহাক্যাম্পের ব্যয় নির্বাহ বিষয়ে প্রধান কার্যালয়ের শানিবি পরিপত্র নম্বর-৬/৯৩ তারিখ: ১৫/০৫-১৯৯৩ইং, পত্র নম্বর- প্রকা/শানিবি-১৫/২০০৩-০৪/১১৯৯(৩৬৮) তারিখ: ১৭.০৪.২০০৪ এবং প্রকা/শানিবি-১৫/২০০৫-০৬/২০৭৫(৩৭৫) তারিখ: ১২.০৪.২০০৬ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংকের ঋণ বিতরণ ও ঋণ আদায় কার্যক্রম গতিশীল ও লক্ষ্যমাত্রা অর্জন ত্বরান্বিত করার লক্ষ্যে শাখা কর্তৃক বিভিন্ন সময়ে শুভ হালখাতা, মধুমেলাসহ বিভিন্ন ক্যাম্প ও মহাক্যাম্পের আয়োজন করা হয়ে থাকে। এ সকল মেলা, ক্যাম্প ও মহাক্যাম্পে অনেক সময় মাসের মোট আদায়ের তুলনায় অধিক আদায় হয়ে থাকে এবং বিভিন্ন ঋণের আংশিক আদায় হয় যা ব্যাংকের তারল্য বৃদ্ধি ও বার্ষিক লক্ষ্যমাত্রা অর্জনে ভূমিকা রাখে। এছাড়া ঋণ বিতরণ কার্যক্রম সমানভাবে বৃদ্ধি পেয়ে থাকে।

০৩। উপরোক্ত মেলা/ক্যাম্প/মহাক্যাম্পের আয়োজনে আগত গ্রাহকগণকে হালকা আপ্যায়ন বাবদ পূর্বের নীতিমালা অনুযায়ী আপ্যায়ন ব্যয় নির্বাহ করা হয়ে থাকে। দীর্ঘদিন নীতিমালা পরিবর্তন না করা এবং সর্বত্র দ্রব্যমূল্য বৃদ্ধির কারণে নীতিমালায় সংশোধন বিষয়ে একটি সার-সংক্ষেপ ০৪ এপ্রিল, ২০১৭ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৪৫২তম সভায় উপস্থাপন করা হলে পর্ষদ কর্তৃক নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করা হয়।

“শুভ হালখাতা/মধুমেলা, ঋণ মেলা/ঋণ আদায় ক্যাম্প/মহাক্যাম্পে ন্যূনতম ৪০টি আদায় রশিদ এবং সর্বমোট আদায়ের পরিমাণ কমপক্ষে ১০.০০ লক্ষ টাকা হলে আদায় রশিদ প্রতি ১২/- টাকা হারে এবং আয়োজনের প্রাথমিক খরচ অনূর্ধ্ব ২০০০/- টাকা পুনঃনির্ধারণ করা হলো। উক্ত খরচ শাখা ব্যবস্থাপকের আর্থিক ক্ষমতায় ৫০০০/- টাকা পর্যন্ত বিবিধ খাত হতে নির্বাহ করা যাবে। ৫০০০/- টাকার উর্দে খরচের ক্ষেত্রে সংশ্লিষ্ট জোনাল ব্যবস্থাপকের অনুমোদন নিতে হবে। এ খরচ শাখার স্বাভাবিক বিবিধ খরচ খাতের বাজেটের আওতাভুক্ত হবে না।”

০৪। এমতপ্রেক্ষিতে, এ সংক্রান্ত পূর্বের নীতিমালা বাতিল পূর্বক নিম্নরূপ নীতিমালা জারী করা হলো।

- শুভ হালখাতা, মধুমেলা, ঋণমেলা, ঋণ আদায় মেলা/আদায় ক্যাম্প/মহাক্যাম্পের আয়োজন করা হলে প্রতি ঋণমেলা/ঋণ আদায় ক্যাম্পের প্রাথমিক খরচ বাবদ ২০০০/- (দুই হাজার) টাকা খরচ করা যাবে তবে শর্ত হলো যে, প্রতিটি ক্যাম্পে কমপক্ষে ১০.০০ (দশ) লক্ষ টাকা আদায় এবং ন্যূনতম ৪০টি আদায় রশিদ থাকতে হবে।
- ‘ক’ দফার শর্ত পূরণ হলে আদায় রশিদ প্রতি ১২/- (বার) টাকা হারে খরচ করা যাবে।
- একই ফলিওভুক্ত ঋণে একাধিক রশিদের মাধ্যমে আদায় করা হলে গণনার ক্ষেত্রে ০১টি রশিদ হিসেবে বিবেচনা করতে হবে।
- ঋণ আদায়ের ক্ষেত্রে শ্রেণীকৃত ঋণকে সর্বোচ্চ গুরুত্ব দিতে হবে।

০৫। এ খরচ শাখার বিবিধ খাতের অতিরিক্ত ব্যয় হিসেবে বিবেচিত হবে। শাখা ব্যবস্থাপক প্রতি ক্ষেত্রে সর্বোচ্চ ৫,০০০/- টাকা পর্যন্ত খরচের আর্থিক ক্ষমতা প্রয়োগ করতে পারবেন। ৫০০০/- টাকার উর্দে খরচের ক্ষেত্রে জোনাল ব্যবস্থাপকের অনুমোদন গ্রহণ করতে হবে।

চলমান পাতা/০২

০৬। এ নির্দেশনা সার্কুলার জারীর তারিখ হতে কার্যকর হবে। এতদবিষয়ে বিষয়ে কোন ব্যাখ্যার প্রয়োজন হলে শাখা নিয়ন্ত্রণ বিভাগের সাথে যোগাযোগ করার পরামর্শ দেয়া হলো।

অনুমোদনক্রমে-



১৩.০৪.২০১৭

(মোঃ মাসুদ করিম)

উপ-মহাব্যবস্থাপক

পত্র নং-প্রকা/শানিবি-২৫/২০১৬-২০১৭/৮৩০(৪৫০)

তারিখ : ১৩ এপ্রিল, ২০১৭।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো :

- ০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৪। মহাব্যবস্থাপক, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৬। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ০৭। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
- ০৮। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৯। প্রকল্প পরিচালক, এসইসিপি, উপশহর, রাজশাহী।
- ১০। ব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা/এলপিও, রাজশাহী।
- ১১। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা (জোনাল ব্যবস্থাপকগণের মাধ্যমে), রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১২। সকল শাখা ব্যবস্থাপক (জোনাল ব্যবস্থাপকগণের মাধ্যমে), রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১৩। জনসংযোগ কর্মকর্তা, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ১৪। অফিস নথি/মহানথি।



১৩.০৪.২০১৭

(নাছিরুল ইসলাম মুধা)

উর্ধতন কর্মকর্তা